

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১৯, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/ ১৮ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.২২.২৫৬—খ্যাতিমান চিত্রশিল্পী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগের অধ্যাপক সমরজিৎ রায় চৌধুরী গত ০৯ অক্টোবর ২০২২ তারিখে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর।

২। অধ্যাপক সমরজিৎ রায় চৌধুরীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ২৫ আশ্বিন ১৪২৯/১০ অক্টোবর ২০২২ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সামসুল আরেফিন
সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ সচিবের রুটিন দায়িত্বে

(১৬৭৩৭)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

২৫ আশ্বিন ১৪২৯
ঢাকা: ১০ অক্টোবর ২০২২

খ্যাতিমান চিত্রশিল্পী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগের অধ্যাপক সমরজিৎ রায় চৌধুরী গত ০৯ অক্টোবর ২০২২ তারিখে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর।

জনাব সমরজিৎ রায় চৌধুরী ১৯৩৭ সালে কুমিল্লা জেলায় জন্মগ্রহণ করেন। তিনি তৎকালীন সরকারি আর্ট ইনস্টিটিউট (ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান চারুকলা অনুষদ) থেকে গ্রাফিক্স ডিজাইনে স্নাতক সম্পন্ন করেন।

জনাব সমরজিৎ রায় চৌধুরী ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের শিক্ষক হিসাবে কর্মজীবন শুরু করেন। শিক্ষক হিসাবে সুদীর্ঘ ৪৩ বছর নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন শেষে ২০০৩ সালে তিনি অবসর গ্রহণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগের অধ্যাপক হিসাবে অবসরের পর শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অফ ক্রিয়েটিভ টেকনোলজি চারুকলা এবং প্রদর্শন কলা বিভাগের ডিন হিসাবে তিনি দায়িত্ব পালন করেন।

স্বাধীন বাংলাদেশের সংবিধানে নকশা আঁকার জন্য পাঁচ সদস্যবিশিষ্ট কমিটির অন্যতম সদস্য ছিলেন অধ্যাপক সমরজিৎ রায় চৌধুরী। গ্রাফিক্স ডিজাইনে স্নাতক হলেও আপন অধ্যবসায়ের মাধ্যমে তিনি একজন সৃজনশীল চিত্রশিল্পী হিসাবে নিজেকে প্রতিষ্ঠিত করেছিলেন। শিল্পক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ সরকার ২০১৪ সালে অধ্যাপক সমরজিৎ রায় চৌধুরীকে একুশে পদকে ভূষিত করে।

ব্যক্তিগতভাবে অধ্যাপক সমরজিৎ রায় চৌধুরী ছিলেন সদালাপী, নিরহংকার, মুক্তচিন্তায় বিশ্বাসী ও অসাম্প্রদায়িক চেতনায় একজন উদারনৈতিক মানুষ।

অধ্যাপক সমরজিৎ রায় চৌধুরীর মৃত্যুতে দেশ একজন সৃজনশীল চিত্রশিল্পীকে হারালো।

মন্ত্রিসভা অধ্যাপক সমরজিৎ রায় চৌধুরীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।